مدرسة ندوة القرآن

প্রসপেক্টাস

মাদানী নেসাব

১ম-২য় বর্ষ (৫ম-৭ম শ্রেণি)



নাদওয়াতুল কুরআন মাদরাসা

(ইসলাম ও আধুনিক শিক্ষাব্যবস্থার সুসমন্বয়)

বাড়ি-২ মেইনরোড, ব্লক-সি, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯

মোবাইল : ০১৩১৮৭৬১৯০০

ভূমিকা

আল্লাহ তা'আলা বলেন, "বল- যারা জানে আর যারা জানে না, তারা কি সমান? বিবেক-বুদ্ধিসম্পন্ন লোকেরাই কেবল উপদেশ গ্রহণ করে থাকে।" (সূরা যুমার: ০৯)

কুরআন হিফজ করা নিঃসন্দেহে একজন তালিবুল ইলমের জীবনে এক মহামূল্যবান অর্জন। এটি আল্লাহর বিশেষ অনুগ্রহ এবং জীবনভর লালন করার মতো এক অনন্য সম্পদভাণ্ডার। হিফজ কেবল একটি যাত্রার সমাপ্তি নয়, বরং এটি এক মহৎ অভিযাত্রার সূচনা। কুরআন মুখস্থ করার পর প্রতিটি তালিবুল ইলমের প্রধান লক্ষ্য হওয়া উচিত একজন যুগ সচেতন নিষ্ঠাবন আলেম ও দা'ঈ ইলাল্লাহ হয়ে ওঠা, যেন কুরআনের আলো শুধু নিজের মধ্যেই সীমাবদ্ধ না থাকে বরং তা সমাজ ও জাতির মাঝে অকাতরে বিলিয়ে দিতে পারে। এবং তার জ্ঞান ও প্রজ্ঞার মাধ্যমে সমাজকে আলোকিত করতে পারে।

আর যখন একজন আলেম, দ্বীনি ইলমের পাশাপাশি জাগতিক শিক্ষায়ও দক্ষতা অর্জন করবেন, তখন তিনি দ্বীন ও দুনিয়ার সমন্বিত নেতৃত্ব দিতে সক্ষম হবেন এবং উম্মাহকে সহজে দ্বীন বুঝাতে পারবেন।

আলহামদুলিল্লাহ, এই মহৎ উদ্দেশ্যকে সামনে রেখে **'নাদওয়াতুল কুরআন মাদরাসা'** মাদানী নেসাবের অধিনে একটি যুগোপযোগী শিক্ষা কার্যক্রম পরিচালনার ব্যবস্থা গ্রহণ করেছে। যেখানে দ্বীনি শিক্ষার পাশাপাশি আধুনিক শিক্ষার সমন্বিত ব্যবস্থা রাখা হয়েছে, যেন একজন শিক্ষার্থী দ্বীন ও দুনিয়ার উভয় ক্ষেত্রেই আলোকিত হয়ে আধুনিক বিশ্বে ইসলামের আলো ছড়িয়ে দিতে পারে।

আমাদের লক্ষ্য- আদর্শবান, সুন্নাহ অনুসারী এবং দেশপ্রেমে উজ্জীবিত একটি প্রজন্ম গড়ে তোলা।
আল্লাহ তাআলা আমাদের প্রচেষ্টাকে কবুল করুন এবং আমাদের সবাইকে দ্বীনের সঠিক পথে পরিচালিত করুন। আমিন!

আরজগুজার
মুফতি রাকিবুল হাসান হাফিযাহুল্লাহ
মুদীর, নাদওয়াতুল কুরআন মাদরাসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:

প্রশিক্ষিত, অভিজ্ঞ এবং শিক্ষাদানে আন্তরিক শিক্ষকমণ্ডলী দ্বারা শিক্ষাকার্যক্রম পরিচালনা।

কুরআন, হাদীসের পাশাপাশি জেনারেল বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান।

আরবী ভাষা এবং জেনারেল বিষয়সমূহের জন্য ভিন্ন ভিন্ন শিক্ষক।

১ম বর্ষে মাত্র ৬ মাস অধ্যায়নের পরই আরবীতে কথা বলার যোগ্যতা অর্জন।

১ বছরের মধ্যেই আরবী, ইংরেজি এবং বাংলায় বক্তৃতা করার দক্ষতা।

১ বছরের মধ্যেই আরবী, ইংরেজি এবং বাংলায় রচনা লেখার দক্ষতা।

১ম বর্ষ থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত শেষ করেই এস. এস. সি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ।

আমল-আখলাকের প্রতি বিশেষ গুরুত্ব।

সিসিটিভির মাধ্যমে সার্বক্ষণিক পর্যবেক্ষণের ব্যবস্থা।

মেধাবী শিক্ষার্থীদের বিশেষ পুরস্কারের ব্যবস্থা।

অভিজ্ঞ চিকিৎসক দ্বারা স্বাস্থ্যসেবা প্রদান।

সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণিকক্ষ ও আবাসন।

প্রত্যেক আবাসিক শিক্ষার্থীর জন্য স্বতন্ত্র খাটের ব্যবস্থা।

দৈনন্দিন তা'লীমের ব্যবস্থা।

সুন্নাহ মোতাবেক জীবন পরিচালনা এবং দাঈ'ইলাল্লাহ হিসেবে শিক্ষার্থীদেরকে গড়ে তোলা।

প্রতি মাসে অভিভাবক ও জনসাধারণের জন্য দ্বীনী মজলিসের ব্যবস্থা।

যেসব শ্রেণিতে ভর্তি করা হয়:

১ম বর্ষ	১১ থেকে ১৩ বছর	আবাসিক/অনাবাসিক
২য় বর্ষ	১৩ থেকে ১৫ বছর	

পাঠ্যসূচি

১ম বর্ষ / ৫ম শ্রেণি

১.	আরবী ভাষা	এসো আরবী শিখি ও কাসাসুন নাবিয়্যিন ১ম খণ্ড
২.	তামরীন	আত-তামরীনুল কিতাবী
৩.	ইলমুস সরফ	এসো সরফ শিখি
৪.	সীরাতুর রসুল স.	রাসুল সা. এর সংক্ষিপ্ত জীবনী
৫.	ইসলামী আকীদা	আকীদা বিষয়ক সংশ্লিষ্ট শীট
৬.	বাংলা ও সাধারণ জ্ঞান	বাংলা ভাষা ও সাহিত্য, (৫ম শ্রেণি) ও সাধারণ জ্ঞান শীট
৭.	ইংরেজি ও গণিত	English spoken & Math (Clas: 5)

* নির্বাচিত ২০টি হাদীস মুখস্থ। * যারা হাফেজ নয় তারা ২৯ ও ৩০ পারা মুখস্থ করবে।
* হাফেজ ছাত্রদের প্রতি ফাতরায় ১৫ পারা পরীক্ষা নেওয়া হবে।

২য় বর্ষ / ৬ষ্ঠ ও ৭তম শ্রেণি

১.	কুরআন তরজমা	এসো কুরআন শিখি ১ খণ্ড
২.	ইলমুস সরফ	ইলমুস সীগাহ
৩.	আল-আদাবুল আরাবী	কাসাসুন নাবিয়্যিন ২য়, আল-কিরাতুর রাশিদাহ ১ম খণ্ড
৪.	ইলমুন নাহু	এসো নাহু শিখি
৫.	আল-ফিকহুল ইসলামী	আল ফিকহুল মুয়াস্সার
৬.	উর্দূ ভাষা	এসো উর্দু শিখি ১, ২
৭.	ইসলামী আকীদা	আকীদা বিষয়ক সংশ্লিষ্ট শীট
৮.	বাংলা	বাংলা ভাষা ও সাহিত্য। (৬ষ্ঠ ও ৭ম)
৯.	জেনারেল নলেজ	Science, ICT (Class: 6+7)
১০.	ইংরেজি	English Spoken (Class: 6+7)
১১.	গণিত	Math (Class: 6+7)

* নির্বাচিত ৩০টি হাদীস মুখস্থ। * যারা হাফেজ নয় তারা ৩/৪ পারা মুখস্থ করবে।
* হাফেজ ছাত্রদের তারা প্রতি ফাতরায় ১৫ পারা পরীক্ষা নেওয়া হবে।

ভর্তি পরীক্ষার ধরন ও বিষয়াবলি :

	পরীক্ষার ধরন:	
	লিখিত	মৌখিক
১ম বর্ষ	জেনারেল বিষয়সমূহের ক্ষেত্রে ৩য় শ্রেণির বাংলা, ইংরেজি এবং গণিত।	কুরআনুল কারীমের সহীহ তেলাওয়াত।
২য় বর্ষ	আরবী নির্ভুল লেখা। জেনারেল বিষয় সমূহের ক্ষেত্রে ৫ম শ্রেণির বাংলা, ইংরেজি এবং গণিত।	কুরআনুল কারীমের সহীহ তেলাওয়াত। আরবী যেকোনো কিতাব পড়তে পারা।

ভর্তি ফি এবং আনুষঙ্গিক খরচাদি

বিবরণ	নতুন	পুরাতন
ভর্তি ফরম	৬০০/-	-------
ভর্তি ফি	৫,০০০/-	-------
সেশন ফি	১০,০০০/-	১০,০০০/-
আইডি কার্ড	২০০/-	২০০/-
সর্বমোট	১৫,৮০০/-	১০,২০০/-

মাসিক বেতন সংক্রান্ত তথ্য:

বিবরণ	অনাবাসিক	আবাসিক
টিউশন ফি	৪,০০০/-	৪,০০০/-
খাবার বাবদ	৪,০০০/-	৬,০০০/-
হোস্টেল চার্জ	৫০০/-	এসি ৩,০০০/নন এসি ১,৫০০/-
সর্বমোট	৮,৫০০/-	১৩,০০০/১১,৫০০/-

পরীক্ষার ফি

অর্ধ-বার্ষিক/বার্ষিক পরীক্ষা	৭০০/-

ভর্তি প্রক্রিয়া :

অফিস চলাকালীন মাদরাসা কার্যালয় থেকে ভর্তি-ফরম সংগ্রহ করতে হবে। পূরণকৃত ভর্তি-ফরমের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- শিক্ষার্থীর সদ্য তোলা ০১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- শিক্ষার্থীর জন্মনিবন্ধনের কপি।
- অভিভাবকের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি রঙিন ছবি।
- পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের ছাড়পত্র/মার্কশীট/প্রশংসাপত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- স্থানীয় অভিভাবকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি রঙিন ছবি। (প্রযোজ্য ক্ষেত্রে)
- কাগজপত্র যাচাইপূর্বক শ্রেণি অনুযায়ী নির্ধারিত পরীক্ষা গ্রহণের পর ফলাফলের ভিত্তিতে নির্দিষ্ট ফি জমাদানের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

আবাসিক ছাত্রদের মাদরাসা কর্তৃক যা সরবরাহ করা হবে:

ক্র.	বিবরণ	সংখ্যা
১	খাট ও তোশক/বেডিং	১টি
২	বালিশ ও মশারি	১টি
৩	বেডসিট ও বালিশের কভার	২টি
৪	প্লেট ও গ্লাস	১টি
৫	আলনা/হ্যাঙ্গার (এক রুমের জন্য)	১টি
৬	প্রত্যেকের জন্য আলাদা ওয়ারড্রব	১টি

আবাসিক ছাত্রদের যা আনতে হবে:

ক্র.	বিবরণ	সংখ্যা
১	ইউনিফর্ম (মাদরাসা কর্তৃক নির্ধারিত)	২ সেট
২	লুঙ্গি	২টি
৩	টুপি (মাদরাসা কর্তৃক নির্ধারিত)	২টি
৪	কাঁথা/কম্বল	১টি
৫	গেঞ্জি/কুর্তা (সাদা হাতাওয়ালা)	৩টি
৬	তোয়ালে/গামছা ও তালা	১টি

শিক্ষার্থীদের অবশ্য পালনীয় ব্যক্তিগত বিষয়াবলি:

- পাঁচ ওয়াক্ত সালাত জামাতের সাথে আদায় করা।
- প্রতিষ্ঠানের সকল নিয়ম-কানুন মেনে চলা।
- দৈনন্দিন রুটিন পরিপূর্ণভাবে অনুসরণ করা।
- ক্লাস চলাকালীন ইফনিফর্ম পরিধান করা।
- নিজের রুম, ক্লাসরুম, জামা-কাপড় গুছিয়ে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।
- পড়ালেখা, ঘুম ও খাওয়ার সময় অন্যকে বিরক্ত না করা।
- টাকা-পয়সা, মোবাইল, খেলনা, গল্প-উপন্যাসের বই, ভিডিও গেমসহ কোনো প্রকার ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে না রাখা।
- মাদরাসার শিক্ষক, খাদেম এবং অভিভাবকসহ সকলের সাথে মার্জিত আচরণ করা।
- মাদরাসা কর্তৃক প্রবর্তিত তাৎক্ষণিক যেকোনো সিদ্ধান্ত মানতে বাধ্য থাকা।
- সবসময় সুন্নাতী পোশাক পরিধান করা।
- মাদরাসা কর্তৃক সরবরাহকৃত খাবারের অভ্যাস গড়ে তোলা।

অভিভাবকদের পালনীয় জরুরী বিষয়াবলিঃ

- মাদরাসার লেখাপড়া অথবা মাদরাসার কোনো শিক্ষক বা খাদেমের ব্যাপারে কোনো পরামর্শ থাকলে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করা।
- মাদরাসার হিসাবরক্ষক বা নাজেম ব্যতীত কোনো শিক্ষক, খাদেম, বাবুর্চি বা অন্য কোনো খাদেমের সাথে কোনো প্রকার আর্থিক লেনদেন না করা।
- মানি রিসিট ছাড়া কোনো প্রকার লেনদেন না করা।
- সন্তানকে প্রতিষ্ঠানের সকল নিয়ম-কানুন মেনে চলতে সহযোগিতা করা।
- বেতনসহ অন্যান্য ফি প্রতি মাসের ৭ তারিখের মধ্যে পরিশোধ করা।
- ছুটির সময় সন্তানকে বাড়িতে মাদরাসার পরিবেশে যেভাবে ছিল সেভাবে রাখা।
- ছুটির পর খোলার দিন যথাসময়ে সন্তানকে মাদরাসায় উপস্থিত করা।
- বিনা ছুটিতে সন্তানকে বাড়িতে না নেওয়া।
- মাদরাসা যেহেতু আপনার আদরের সন্তানের আহার, আবাসন ও জ্ঞানার্জনের স্থান, তাই উপরোক্ত বিষয়াবলি মেনে কাঙ্ক্ষিত সাফল্য অর্জনে সহযোগিতা করা।

বিশেষ দ্রষ্টব্য

- মাদরাসার সুষ্ঠু ব্যবস্থাপনা থাকা সত্ত্বেও যদি কোনো শিক্ষার্থী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে মাদরাসা ত্যাগ করে এর দায়ভার প্রতিষ্ঠান নিবে না।

ছুটির সময়সূচিঃ

- পরীক্ষা পরবর্তী নির্ধারিত ছুটি।
- ২ ঈদ উপলক্ষে নির্ধারিত ছুটি।
- এক সপ্তাহ পর পর শুক্রবার সকাল ৯টা থেকে মাগরিবের ৩০মি. পূর্ব পর্যন্ত।
- প্রতি চার সপ্তাহ পর মাসিক ছুটি।
- বিশেষ প্রয়োজনে প্রতিষ্ঠান প্রধান বরাবর দরখাস্তের মাধ্যমে ছুটি নেওয়া যাবে।

ভবিষ্যৎ পরিকল্পনা

- আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত সুবিশাল শিক্ষা ভবন, আবাসিক ভবন ও খেলাধুলার জন্য মাঠ নির্মাণ।
- ইসলামী গবেষণাগার প্রতিষ্ঠা করা।
- ইসলামীক স্কুল প্রতিষ্ঠা করা।
- বিভিন্ন জনকল্যানমূলক কাজ করা।

আবাসিক ছাত্রদের দৈনিক খাবারের তালিকা

ছাত্রদের যথাযথ মেধা বিকাশ ও দৈহিক বৃদ্ধির প্রতি বিশেষ নজর এবং খাবারের পুষ্টিমানের সামঞ্জস্য রেখে তালিকাটি প্রস্তুত করা হয়েছে।

বার	সকাল	দুপুর	বিকাল	রাত
শনিবার	ডিম খিচুড়ি	ভাত, ডাল সবজি, বড় মাছ	নুডুল্‌স	ভাত, মুরগি ডাল, দুধ
রবিবার	রুটি, ভাজি, ডিম	ভাত, ডাল শাক, মুরগি	বাটারবন	ভাত, বড় মাছ ডাল, দুধ
সোমবার	ভাত, ডাল আলুভর্তা, ডিম	ভাত, ডাল সবজি, ছোট মাছ	ছোলা মুড়ি	ভাত, ডাল লাউ-মুরগি, দুধ
মঙ্গলবার	রুটি, সবজি, ডিম	**বিরিয়ানি**	দুধ ড্রাইকেক	ভাত, ডাল বড় মাছ
বুধবার	ভাত, ডাল আলুভর্তা, ডিম	ভাত, ডাল শাক, বড় মাছ	কলা পাউরুটি	ভাত, মুরগি বুটের ডাল, দুধ
বৃহস্পতিবার	রুটি, ভাজি, ডিম	ভাত, ডাল গরুর গোস্ত	দুধ টোস্ট	ভাত, বড় মাছ ডাল
শুক্রবার	পরোটা, ভাজি, ডিম	সাদা পোলাও মুরগির রোস্ট	বাটার বান	ভাত, ডিম ভুনা ডাল, দুধ

বি. দ্র. ছাত্রদের রুচির তারতম্য অনুসারে উক্ত তালিকায় সংযোজন অথবা বিয়োজন করা হতে পারে।

আন-নাদওয়াহ্ ফাউন্ডেশন

(উম্মাহর কল্যাণে নিবেদিত)
রে.জি. নং. ১ -১৪২৩৩

লক্ষ্য ও উদ্দেশ্য

বিগত সময়ে আমরা যে কাজগুলো করেছি:

- বন্যা দুর্গত এলাকায় ত্রাণ সামগ্রী বিতরণ কার্যক্রম। (কুড়িগ্রাম-২০২২ ও পার্বত্য চট্টগ্রাম-২০২৩)
- বন্যায় ক্ষতিগ্রস্ত মসজিদের সংস্কার। (কুড়িগ্রাম, যাত্রাপুর)
- শীতকালীন 'শীতবস্ত্র বিতরণ কার্যক্রম'। (নড়াইল, ঝিনাইদহ, শরিয়তপুর ও সাতক্ষীরা)
- দক্ষিণাঞ্চলের নোনা পানি অধ্যুষিত এলাকায় গভীর 'নলকূপ' স্থাপন। (ঝিনাইদহ ও সাতক্ষীরা)
- খ্রিষ্টান মিশনারি ও কাদিয়ানী অধ্যুষিত এলাকায় মসজিদ ও মক্তব প্রতিষ্ঠা। (নীলফামারী)
- দরিদ্র মেধাবী তালিবুল ইলমদের মাসিক খরচ প্রদান। (দাওয়াতুল কুরআন, ঝিনাইদহ)
- যাকাতের অর্থের মাধ্যমে বিধবা এবং হতদরিদ্রদের স্বাবলম্বীকরণ কার্যক্রম। (রিকশা, সেলাই মেশিন, গরু, ছাগল ইত্যাদি)
- জেনারেল ভাই- বোনদের জন্য ''আন-নাদওয়াহ্ পাবলিক লাইব্রেরী'' প্রতিষ্ঠা। (বনশ্রী)

আরও বেশ কিছু কার্যক্রম হাতে নিয়েছে ফাউন্ডেশন:

- ঘরহীণ ব্যক্তিকে ঘর নির্মাণ।
- দরিদ্র মেধাবী তালিবুল ইলমদের মাসিক খরচ প্রদান।
- যাকাতের সুষ্ঠু বণ্টন ও যাকাতের মাধ্যমে স্বাবলম্বীকরণ প্রজেক্ট।
- অসুস্থ ব্যক্তির চিকিৎসা।
- খ্রিষ্টান মিশনারি ও কাদিয়ানী অধ্যুষিত এলাকায় মক্তব প্রতিষ্ঠা করা।

ব্যাংক হিসাব নং...
An-Nadwah Foundation
A/C No: 20506330200206917
Islami Bank Bangladesh Limited
Nabinbag Sub-Branch (Khilgaon branch)
(Routing number: 125273675)

আরজগুজার

যোগাযোগ
01672-775546

মুফতি রাকিবুল হাসান
চেয়ারম্যান, আন-নাদওয়াহ ফাউন্ডেশন।

নাদওয়াতুল কুরআন মাদরাসা ভবন নির্মাণের আবেদন

একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের জন্য সুবিশাল ক্যাম্পাস, বিস্তৃত মাঠ এবং প্রয়োজনীয় যাবতীয় শিক্ষা উপকরণ অতিব জরুরী। সেই চিন্তাকে সামনে রেখেই আমাদের ও আপনাদের প্রিয় প্রতিষ্ঠান **"নাদওয়াতুল কুরআন মাদরাসা"**র জন্য প্রাথমিকভাবে সি ব্লক ১নং রোডের ২৬নং প্লটের ২য় তলায় একটি ফ্ল্যাট কেনা হয়েছে।

আলহামদুল্লিাহ, এ পর্যন্ত আমাদের খরচের পরিমাণ প্রায় **৭০,০০,০০০/-** (সত্তুর লক্ষ টাকা)। নির্মাণ কাজ সম্পন্ন করতে প্রয়োজন আরো প্রায় **৩০,০০,০০০/-** (ত্রিশ লক্ষ টাকা)। এই মহত সাদাকায়ে জারিয়া প্রজেক্ট বাস্তবায়নে মাদরাসা কর্তৃপক্ষ আপনাদের সকলের আন্তরিক দু'আ ও সহযোগীতা বিনীতভাবে কামনা করছে। আল্লাহ তাআলা আমাদের সবাইকে সাদাকায়ে জারিয়ায় অংশগ্রহণ করার তাওফিক দান করুন। আমিন।

আপনি যেভাবে এই সদকায়ে জারিয়ায় অংশগ্রহণ করতে পারেন...

১. এক কালীন ১ লাখ টাকা প্রদান করে। ১০০,০০০/-
২. একশ স্কয়ার ফিট পরিমাণ মূল্য প্রদান করে। ২,৫০,০০০/-
৩. দশ স্কয়ার ফিট পরিমাণ মূল্য প্রদান করে। ২৫,০০০/-
৪. যেকোনো পরিমাণ টাকা প্রদান করে।

ব্যাংক হিসাব নং...


Nadwatul Quran Madrasah
A/C No: 20506330100005105
Islami Bank Bangladesh Limited
Nabinbag Sub-Branch (Khilgaon branch)
(Routing number: 125273675)

baksh Merchant/Nagad
01318761900

বিনীত

মুফতি রাকিবুল হাসান
মুদীর (প্রিন্সিপাল), নাদওয়াতুল কুরআন মাদরাসা





হিফজ বিভাগ

ক্লাসরুম





নাদওয়াতুল কুরআন মাদরাসা

মূল ক্যাম্পাস

বাড়ি-১৪, রোড-১, ব্লক-সি, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯

ভবন - ২

বাড়ি-২, মেইনরোড, ব্লক-সি, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯

মোবাইল : ০১৩১৮৭৬১৯০০